# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৪২৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. প্রথম অনুচ্ছেদ - দু’ ঈদের সালাত

بَابُ صَلَاةِ الْعِيْدَيْنِ

---

### আরবী

وَسُئِلَ ابْنُ عَبَّاسٍ: أَشَهِدْتَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعِيدَ؟ قَالَ: نَعَمْ خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى ثُمَّ خَطَبَ وَلَمْ يَذْكُرْ أَذَانًا وَلَا إِقَامَةً ثُمَّ أَتَى النِّسَاءَ فَوَعَظَهُنَّ وَذَكَّرَهُنَّ وَأَمَرَهُنَّ بِالصَّدَقَةِ فَرَأَيْتُهُنَّ يُهْوِينَ إِلَى آذَانِهِنَّ وَحُلُوقِهِنَّ يَدْفَعْنَ إِلَى بِلَالٍ ثُمَّ ارْتَفَعَ هُوَ وَبِلَالٌ إِلَى بَيته

### বাংলা

১৪২৯-[৪] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাসকে জিজ্ঞেস করা হলো, আপনি কি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে ঈদের সালাতে উপস্থিত ছিলেন? তিনি বললেন, হ্যাঁ, ছিলাম। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদের সালাতের জন্য ঈদগাহে এসেছেন। (প্রথমে) সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন, তারপর খুতবাহ্ (খুতবা) প্রদান করেছেন। তবে তিনি আযান ও ইক্বামাত(ইকামত/একামত)ের কথা উল্লেখ করেননি। এরপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মহিলাদের নিকট এসেছেন। তাদের ওয়াজ নাসীহাত করেছেন। দান সদাক্বাহ্ (সাদাকা) করার জন্য উৎসাহিত করেছেন। অতঃপর আমি দেখলাম মহিলাগণ নিজ নিজ কান ও গলার দিকে হাত বাড়াচ্ছেন। গহনা খুলে খুলে বিলালের নিকট দিতে লাগলেন। এরপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ও বিলাল বাড়ীর দিকে চলে গেলেন। (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৫৪৯, মুসলিম ৮৮৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (ثُمَّ خَطَبَ) অতঃপর খুতবাহ্ (খুতবা) দান করলেন। এতে প্রমাণ করে যে, ঈদের খুতবাহ্ একটি

শারী‘আত সম্মত আর সেখানে দু’টি খুতবাহ্ নেই জুমু‘আর মতো। আর নির্ভরযোগ্য সূত্রে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কর্ম প্রমাণটি প্রমাণিত হয়নি আর দু’টি খুতবাহ্ (খুতবা) সমর্থন করেন জুমু‘আর উপর কিয়াস করে ও দুর্বল হাদীসের উপর।

(وَذَكَّرَهُنَّ وَأَمَرَهُنَّ بِالصَّدَقَةِ) তাদেরকে ওয়াজ ও নাসীহাত করলেন এবং দান-খয়রাত করার জন্য উপদেশ দিলেন। এটা প্রমাণ করে মহিলাদেরকে ওয়াজ নাসীহাত করা ও ইসলামের হুকুম-আহকাম শিক্ষা দেয়া, বিশেষ করে আবশ্যক বিষয়গুলো স্মরণ করে দেয়া ভাল এবং তাদেরকে দানের দিকে উৎসাহ প্রদান করাও মুস্তাহাব। আর বিশেষ করে তাদের জন্য স্বতন্ত্র বৈঠকের ব্যবস্থা করা প্রয়োজন যা সকল প্রকার ফিতনাহ্ ফাসাদমুক্ত হবে। হাদীসটি প্রমাণ করে মহিলাদের জন্য দান সদাক্বাহ্ (সাদাকা) করা বৈধ নিজেদের সম্পদ হতে স্বামীর অনুমতি ব্যতিরেকে। এবং এক তৃতীয়াংশ হয়, এর বেশি যেন না হয়। হাদীসটি আরও দাবি জানায় মহিলা ও শিশুরা ঈদের দিনে ঈদগাহর উদ্দেশে যাবে যদিও তারা ঈদের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় না করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55989

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন